



ভর্তি বিজ্ঞপ্তি



আর্মি নার্সিং কলেজ কুমিল্লা (সম্পূর্ণ আবাসিক) ব্যাচেলর অব সায়েন্স ইন নার্সিং কোর্সে ভর্তি বিজ্ঞপ্তি

২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে আর্মি নার্সিং কলেজ কুমিল্লায় ১ম বর্ষে (১১তম ব্যাচ) ব্যাচেলর অব সায়েন্স ইন নার্সিং (বি এসসি ইন নার্সিং) ০৪ (চার) বছর মেয়াদী কোর্সে ছাত্রী ভর্তির জন্য আবেদন আহ্বান করা যাচ্ছে।

১। ভর্তির যোগ্যতা ও শর্তাবলীঃ

ক। **বয়স :** সর্বোচ্চ ২২ বৎসর (০১ জুন ২০২৫ ইং পর্যন্ত)।

খ। **শারীরিক মানঃ** (ন্যূনতম)

- (১) **উচ্চতা :** ৪ ফুট ১০ ইঞ্চি।
- (২) **ওজন :** ৩৯.৯২ কিলোগ্রাম (৮৮ পাউন্ড)।
- (৩) **বুকের মাপ :** স্বাভাবিক ০.৬৬ মিটার (২৬ ইঞ্চি)।
- (৪) **শ্রবণ শক্তি :** স্বাভাবিক।
- (৫) **দৃষ্টি শক্তি :** ৬/৬ (± ২.৫০)।

গ। **শিক্ষাগত যোগ্যতাঃ**

- (১) ২০২০, ২০২১ অথবা ২০২২ ইং সালে অনুষ্ঠিত বিজ্ঞান বিভাগ থেকে এসএসসি/সমমান পরীক্ষায় এবং ২০২২, ২০২৩ অথবা ২০২৪ ইং সালে অনুষ্ঠিত বিজ্ঞান বিভাগ থেকে এইচএসসি/সমমান পরীক্ষায় উত্তীর্ণরাই কেবলমাত্র আবেদন করতে পারবেন।
- (২) এসএসসি/সমমান এবং এইচএসসি/সমমানের পরীক্ষা সমূহে প্রাপ্ত জিপিএ এর যোগফল ন্যূনতম ৭.০০ থাকতে হবে, তবে কোন পরীক্ষায় জিপিএ ৩.০০ এর কম হবে না। প্রার্থীকে এইচএসসি/সমমান পরীক্ষায় জীববিজ্ঞানে জিপিএ ন্যূনতম ২.৫০ থাকতে হবে।

ঘ। **বৈবাহিক অবস্থাঃ** অবিবাহিতা (নির্বাচিত হলে বি.এসসি ইন নার্সিং কোর্সে চূড়ান্ত পরীক্ষায় উত্তীর্ণ না হওয়া পর্যন্ত অবিবাহিতা থাকতে হবে)।

ঙ। **জাতীয়তাঃ** বাংলাদেশের স্থায়ী নাগরিক হতে হবে।

২। আবেদনপত্র সংগ্রহ ও জমা দেওয়ার নিয়মাবলীঃ

ক। আগ্রহী প্রার্থীদেরকে ট্রাস্ট ব্যাংক লিমিটেড, কুমিল্লা সেনানিবাস, জেনারেল ফাউন্ড, আর্মি নার্সিং কলেজ কুমিল্লা এর অনুকূলে ৮০০.০০ (আটশত) টাকা মূল্যের ব্যাংক ড্রাফট / পে-অর্ডার (অফেরতযোগ্য) দিয়ে আবেদন ফরম আর্মি নার্সিং কলেজ কুমিল্লা থেকে অথবা নির্দিষ্ট ওয়েব সাইট থেকে সংগ্রহ করে প্রার্থীকে স্বহস্তে পূরণ করে প্রিন্সিপাল, আর্মি নার্সিং কলেজ কুমিল্লা, কুমিল্লা সেনানিবাস, কুমিল্লা এই ঠিকানা বরাবর আগামী **১৫ এপ্রিল ২০২৫** খ্রিঃ তারিখের মধ্যে সরাসরি অথবা ডাকযোগে অথবা কুরিয়ার সার্ভিসের মাধ্যমে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

খ। আবেদনপত্রের সাথে প্রার্থীর এসএসসি ও এইচএসসি/সমমানের পরীক্ষার একাডেমিক ট্রান্সক্রিপ্ট, সনদপত্র, প্রশংসাপত্র, নাগরিকত্ব সনদপত্রের ফটোকপি এবং সদ্যতোলা পাঁচ কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি জমা দিতে হবে।

৩। ভর্তি পরীক্ষা সংক্রান্ত তথ্যাবলীঃ

ক। **লিখিত পরীক্ষাঃ** লিখিত পরীক্ষা MCQ পদ্ধতিতে ১০০ নম্বরের হবে। **পরীক্ষায় বাংলা, ইংরেজি, গণিত, জীববিজ্ঞান, পদার্থ বিজ্ঞান, রসায়ন এবং সাধারণ জ্ঞান** বিষয়সমূহ থাকবে।

খ। **স্বাস্থ্য ও মৌখিক পরীক্ষা :** স্বাস্থ্য ও মৌখিক পরীক্ষার সময় ও স্থান পরবর্তীতে জানানো হবে। মৌখিক পরীক্ষার সময় সকল সনদপত্রের মূলকপি সঙ্গে আনতে হবে।

গ। **ফলাফলঃ** চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থীদের নামীয় তালিকা নোটিশ বোর্ডে প্রকাশ করা হবে এবং আসন খালি থাকা সাপেক্ষে অপেক্ষমান তালিকা হতে মেধাভিত্তিক ক্রমানুসারে পূরণ করা হবে।

৪। অন্যান্য তথ্যাবলীঃ

ক। ভর্তি সংক্রান্ত যে কোন বিষয় ভর্তি কমিটির সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

খ। ভর্তি সংক্রান্ত বিষয়ে ভুল তথ্য সরবরাহকারীর ভর্তি কর্তৃপক্ষ অবগত হওয়া মাত্রই ভর্তি বাতিল হয়ে যাবে।

গ। কোন প্রার্থীই কোর্স চলাকালীন সময়ে অন্য কোনো শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যয়ন করতে পারবেনা। অধ্যয়ন করলে প্রমাণ সাপেক্ষে তাকে কোর্স থেকে বহিস্কার করা হবে।

ঘ। কোর্স চলাকালীন সময়ে সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয় ও বাংলাদেশ নার্সিং কাউন্সিল কর্তৃক প্রণীত বিধি বিধান এবং স্ব-প্রতিষ্ঠানের নিয়ম-শৃঙ্খলা যথাযথভাবে মেনে চলতে হবে।

ঙ। ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ ডিএ প্রদান করা হবে না।


৫। ভর্তি পরীক্ষা সংক্রান্ত তারিখ ও সময়সূচি নিম্নরূপঃ

আবেদন ফরম সংগ্রহ	০১ মার্চ ২০২৫ হতে ১৫ এপ্রিল ২০২৫ পর্যন্ত।
আবেদন ফরম জমা দেওয়ার শেষ তারিখ	১৫ এপ্রিল ২০২৫ দুপুর ১৪০০ ঘটিকা পর্যন্ত।
প্রবেশপত্র সংগ্রহের তারিখ	২০ এপ্রিল ২০২৫ হতে ২৪ এপ্রিল ২০২৫ পর্যন্ত।
লিখিত পরীক্ষা	০৩ মে ২০২৫ (শনিবার, সকাল ০৯০০ ঘটিকা)।

বিঃদ্রঃ বিশেষ প্রয়োজনে ভর্তি সংক্রান্ত যাবতীয় তথ্যাবলী কলেজ অধ্যক্ষের দপ্তর হতে অফিস চলাকালীন সময়ে জানা যাবে।

সময়ঃ সকাল ০৯০০ টা হতে ১৪০০ টা পর্যন্ত (শুক্রবার ও শনিবার এবং সরকারী ছুটির দিন ব্যতীত)।

আর্মি নার্সিং কলেজ কুমিল্লা
কুমিল্লা সেনানিবাস (সি এম এইচ এর ২নং গেইট সংলগ্ন)
যোগাযোগ : সকাল ০৯০০ টা হতে ১৪০০ টা পর্যন্ত
মোবাইল নম্বর : ০১৭৬৯৩৩০৩১০/০১৭৬৯৩৩৭০২৮/০১৭৩০২০৯১১৫
ওয়েব সাইট : anccumilla.com/


মোঃ আতিকুর রহমান
লেঃ কর্ণেল
প্রিন্সিপাল
আর্মি নার্সিং কলেজ কুমিল্লা